

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৩০৫.২২.৮২

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১০২১১/২০২২-এর রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব, ঘটনার প্রকৃত বিবরণী এবং প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।


সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং ১০২১১/২০২২-এর ০৭/১১/২০২২ খ্রি. তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম ও নোয়াখালী জেলা পরিষদের মালিকানাধীন চর আলাউদ্দিন-উড়িরচর আন্তঃজেলা ফেরিঘাট ইজারা প্রদানের বিষয়ে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম (স্থানীয় সরকার শাখা)-এর গত ১৭/০৮/২০২২ খ্রিস্টাব্দের ৫১০নং স্মারক চ্যালেঞ্জপূর্বক পিটিশনার মো. সাইফুল ইসলাম কর্তৃক এ বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ করাসহ মোট সাত জনকে প্রতিপক্ষ করে রিট পিটিশন নং ১০২১১/২০২২ রুজু করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রাইমা-ফেইসির ভিত্তিতে তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ মোকদ্দমার ২নং প্রতিপক্ষ বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১০২১১/২০২২ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ নিম্নোক্ত কাগজপত্র ইংরেজীতে প্রস্তুতপূর্বক সত্যায়িত করে দুই সেট জরুরিভিত্তিতে অনধিক ১৫(পনের) কার্য দিবসের মধ্যে এ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- দফাওয়ারি জবাব।
- ঘটনার প্রকৃত বিবরণী।
- স্থগিতাদেশের সার্টিফাইড কপি।
- প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (5052/potrojariAttachmentRef/37610/0/2240)



২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

বিভাগীয় কমিশনার (রুটিন দায়িত্ব)

বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম

ইমেইল: lglaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.৩০৫.২২.৮২/১(৫)

তারিখ: ৯ মাঘ ১৪২৯

২৩ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- উপসচিব, প্রশাসন -২, স্থানীয় সরকার বিভাগ
- সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



২৩-১-২০২৩

মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব